দেশ

ঢাকা ঃ শনিবার ২২শে আষাঢ় ১৪০৯ ◆ Dhaka Saturday 6 July 2002



চৌমুহনী ঃ লাকসাম-নোয়াখালী রেললাইনটির অবস্থা বর্তমানে বড়ই করুণ। এ লাইনে প্রতিনিয়ত ঘটছে দুর্ঘটনা। রেললাইনের অধিকাংশ স্থানে স্লিপার ও পাথর নেই। ঝুঁকিপূর্ণভাবে ট্রেন চলাচল করছে (বাঁয়ে)। ২৩শে জুন রাতে দুর্ঘটনাকবলিত ট্রেনের লাইনচ্যুত ৮টি বগি (ডানে)। এ ছবি দুটো চৌমুহনী স্টেশনের দক্ষিণে মাটিয়াবাড়ি এলাকা থেকে তোলা- সংবাদ

লাকসাম-নোয়াখালী রেললাইনের বেহাল অবস্থা দুর্ঘটনা ঘটছে অহরহ

চৌমুহনী থেকে মো. মহসিন ॥ ব্রিটিশ আমলের তৈরি লাকসাম-নোয়াখালী রেল লাইনটির অবস্থা খুবই খারাপ। এ রেলপথে প্রায়ই দুর্ঘটনা ঘটছে।

বিভিন্ন সূত্রে জানা যায়, লাকসাম-নোয়াখালী রেললাইনে পাথর নেই বললেই চলে। যে পরিমাণ স্লিপার থাকার কথা তার অর্ধেকও নেই। উপরন্তু তার নিচে লোহার প্লেট এবং সংযোগস্থলের পর্যাপ্ত স্ক্রু-বল্টুও নেই। স্লিপার যেগুলো আছে তা এত পুরনো যে, চেষ্টা না থাকায় বল্টু আটকানো সম্ভব হয় না। ফলে ট্রেন লাইনচ্যুত হয়ে দুর্ঘটনার শিকার হয়।

৩রা জুন চৌমুহনী রেল স্টেশনের দক্ষিণে ভেড়ার মসজিদের পাশে একটি যাত্রী ও মালবাহী ট্রেনের ৩টি বগি লাইনচ্যুত হওয়ার ফলে ট্রেন চলাচল বন্ধ হয়ে যায় এবং বহু লোক আহত হয়। ২৩শে জুন রাত ১০টায় লাকসাম থেকে ছেড়ে আসা বি.আর ১৮৪নং মালবাহী ট্রেনটি চৌমুহনী রেল স্টেশনের দক্ষিণে মাটিয়াবাড়ি পুল সংলগ্ন স্থানে লাইনচ্যুত হলে ৮টি বগি পানিতে পড়ে যায়। এতে প্রায় অর্ধ কোটি টাকার মালামালের ক্ষতি হয়। ওই সময় প্রায় ১ কি.মি রেললাইন দুমড়ে মুচড়ে নষ্ট হয়ে যায়। ২৫শে জুন মঙ্গলবার রাতে লাকসাম থেকে নোয়াখালীর উদ্দেশ্যে ছেড়ে আসা একটি যাত্রী ও মালবাহী ট্রেনের [illegible] বগি রেললাইন পুকুরের পাশ দিয়ে যাওয়ার পাড় ভেঙে ট্রেন চলাচল মারাত্মক ঝুঁকিপূর্ণ হয়ে পড়েছে। মাইজদীকোর্ট স্টেশনের ৩শ' গজ আগে সাদেক আলী মসজিদ সংলগ্ন পুকুর এবং লাইনের মধ্যে তেমন দূরত্ব না থাকায় যেকোন সময় ঘটে যেতে পারে অনাকাঙ্ক্ষিত দুর্ঘটনা। লাকসাম-নোয়াখালী রেল লাইনটি দ্রুত সংস্কার করতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের জোর হস্তক্ষেপ কামনা করছে নোয়াখালীবাসী।

আইন-আদালত

খুলনায় হত্যা মামলার ৫ আসামি বেকসুর খালাস

খুলনা থেকে নিজস্ব বার্তা পরিবেশক ॥ খুলনার অতিরিক্ত জেলা ও দায়রা জজ দ্বিতীয় আদালতের বিচারক তেরখাদা উপজেলার একটি হত্যা মামলার ৫ আসামিকে বেকসুর খালাস প্রদান করেছেন।

গত ৩০শে জুন খুলনা জেলার তেরখাদা উপজেলার হালিম হত্যাকাণ্ড মামলার এ রায় ঘোষণা করেন খুলনার দ্বিতীয় অতিরিক্ত জেলা ও দায়রা জজ আদালতের বিচারক মো. সাজেদুল করিম।

মামলার সংক্ষিপ্ত বিবরণ ঃ ১৯৯৮ সালের ১৯শে মে তেরখাদা উপজেলার আনন্দনগর গ্রামে সশস্ত্র ব্যক্তিরা আ. হালিম নামে এক ব্যক্তিকে গুলি করে হত্যা করে। এ ব্যাপারে নিহতের স্ত্রী বিলকিস বেগম বাদি হয়ে অজ্ঞাত পরিচয়ধারী ব্যক্তিদের নামে মামলা দায়ের করেন। তদন্তকারী কর্মকর্তা ও

টঙ্গী সরকারি কলেজে ছাত্র সংসদ নির্বাচন অনুষ্ঠিত

টঙ্গী থেকে সংবাদদাতা ঃ টঙ্গী সরকারি বিশ্ববিদ্যালয় কলেজে গত বৃহস্পতিবার ছাত্র সংসদ নির্বাচন অনুষ্ঠিত হয়েছে।

রামগড়ে বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্নকরণ চলছে

লক্ষ্য ঃ বকেয়া বিল আদায়

রামগড় থেকে সংবাদদাতা ঃ রামগড় উপজেলার বিপুল পরিমাণ বকেয়া বিদ্যুৎ বিল আদায়কে সামনে রেখে বিল খেলাপীদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে ব্যাপকহারে বিদ্যুৎ লাইনের সংযোগ বিচ্ছিন্নকরণ কাজ চলছে।

রামগড় বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থার আওতায় রামগড় পৌর এলাকাসহ উপজেলার প্রত্যন্ত অঞ্চলে মোট এক হাজার একশ' জন আবাসিক বিদ্যুৎ গ্রাহক এবং চারশ' জন বাণিজ্যিক গ্রাহকের কাছে বকেয়ার পরিমাণ প্রায় ৭০ লাখ টাকা। উর্ধ্বতন কর্তৃপক্ষ জুন মাসে রামগড় বিদ্যুৎ কর্তৃপক্ষকে কমপক্ষে ৬ লাখ টাকা বকেয়া বিল আদায়ের লক্ষ্যমাত্রা নির্ধারণ করে দিলেও কর্তৃপক্ষ বিদ্যুৎ বিচ্ছিন্নের জন্য মাইকিং করে প্রায় ২শ'টি খেলাপি লাইন বিচ্ছিন্ন করে দিলে গ্রাহকদের মাঝে বিল প্রদানের হিড়িক পড়ে যায়।

আবাসিক প্রকৌশলী শুভাষ চৌধুরী জানান, জুন মাসের প্রথম সপ্তাহে রামগড়ে বিদ্যুৎ সরবরাহের দায়িত্ব নেয়ার পর তিনি বিপুল পরিমাণ বকেয়া আদায়ের সিদ্ধান্ত নেন এবং বিল খেলাপিদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে শুরু করেন ফলে ৩০শে জুন পর্যন্ত তিনি ১৪ লাখ টাকা আদায় করতে সক্ষম হন। তিনি বলেন, সংশ্লিষ্ট সকল মহলের সহযোগিতা অব্যাহত থাকলে অবশিষ্ট বকেয়া অল্পদিনে আদায় করতে সক্ষম হবেন।

বগুড়ার তসলিম উদ্দিন তরফদার কলেজ

শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতা ৬ মাস ধরে বন্ধ